

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

নবীগঞ্জ শাখা, ডাকঘর ও থানা- নবীগঞ্জ, জেলা- হবিগঞ্জ

অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউসিবি, নবীগঞ্জ শাখার ঋণগ্রহীতা মেসার্স বিসমিল্লাহ এন্টারপ্রাইজ, মালিক- মোঃ আবদুল মতিন, পিতা- মৃত ওয়াজ উল্লাহ, মাতা- মৃত মোছাঃ জায়েদা বেগম, ঠিকানা- ওয়াজ উল্লাহ বাড়ী, বাউসা, ডাকঘর- হরিধরপুর-৩৩৭০, থানা- নবীগঞ্জ, জেলা- হবিগঞ্জ কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১/১২/২০১৫ ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ১৪,৮৫,৬২৫.৬০ (চৌদ্দ লাখ পঁচাশি হাজার ছয়শত পঁচিশ টাকা ষাট পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উলেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

১. জেলা- হবিগঞ্জ, থানা ও সাব-রেজিস্ট্রী অফিস- নবীগঞ্জ, মৌজা-বাউসা, জে.এল. নং- ১৫৬, এস.এ. খতিয়ান নং- ৯৮১, ৯৯৮, নামজারী খতিয়ান নং- ১০০৩/১, আর.এস. এ্যাটাসটেড খতিয়ান নং- ২৩১, ২৩৩, ডি.পি. খতিয়ান নং- ২৪১, এস.এ. দাগ নম্বর- ৫৩১, ৫৩২, আর.এস. দাগ নম্বর- ৩৭০,৩৭১, মোট জমির পরিমাণ- ২১.০০ শতাংশ এবং তদুপরিস্থিত স্থাপনাদি।
২. জেলা- হবিগঞ্জ, থানা ও সাব-রেজিস্ট্রী অফিস- নবীগঞ্জ, মৌজা-বাউসা, জে.এল. নং- হালে ১৫৯, এস.এ. খতিয়ান নং- ৯৯৮, নামজারী খতিয়ান নং- ১০০৩/১, আর.এস. এ্যাটাসটেড খতিয়ান নং- ২৩৬, এস.এ. দাগ নম্বর- ৫৩৪, ৫৩৬, আর.এস. দাগ নম্বর- ৩৭৪,৩৭৫, মোট জমির পরিমাণ- ১৭.৫০ শতাংশ এবং তদুপরিস্থিত স্থাপনাদি।

নিলামের শর্তাবলী

- ১) আগামী ২২/০৩/২০১৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউসিবি, নবীগঞ্জ শাখায় রক্ষিত বাস্তব সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দরের ১৫% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউসিবি, নবীগঞ্জ শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে সম্মুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- ৪) দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, দখল, স্বত্ত্ব/স্বত্ত্বেও দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারী অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউসিবি, নবীগঞ্জ শাখা, হবিগঞ্জ।